

খুলনায় পঞ্চগনন বিশ্বাসের সংবাদ সম্মেলন বিএনপি'র নেতা-কর্মীদের বিরুদ্ধে ব্যাপক সন্ত্রাসের অভিযোগ

খুলনা অফিস: খুলনা-১ (বটিয়াঘাটা-দাকোপ) আসনের নির্বাচিত আওয়ামী লীগ দলীয় এমপি পঞ্চগনন বিশ্বাস বলেছেন, ১ অক্টোবরের নির্বাচনে তিনি বিপুল ভোটের ব্যবধানে বিজয়ী হয়েছেন। নির্বাচিত হওয়ার পর থেকে বিএনপির নেতা-কর্মীরা তার নির্বাচনী এলাকায় আওয়ামী লীগের সমর্থকদের মারধর, নির্যাতন, ঘরে অগ্নিসংযোগ, ব্যবসা প্রতিষ্ঠা বন্ধ, সংখ্যালঘুদের ওপর অত্যাচার ও তাদের দেশ ত্যাগের হুমকি দিয়ে ভয়াবহ অবস্থার সৃষ্টি করেছে।

তিনি গতকাল দুপুরে খুলনা প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন। সংবাদ সম্মেলনে পঞ্চগনন বিশ্বাস বলেন, গত ৩ অক্টোবর আমীরপুর ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক খলিলুর রহমানকে আওয়ামী লীগ অফিসে ঢুকে বিএনপি নেতা আজিজ, রোকন ও তার দল বেদম প্রহার করে তাকে মারাত্মক আহত করে। খলিলুর রহমান খুলনা সদর হাসপাতাল থেকে চিকিৎসা নিয়ে বাড়ি ফিরলে তিনি গত ৫ অক্টোবর তাকে দেখতে যান। ফেরার পথে বিএনপি প্রার্থীর ভাই আমীর আজম খান ২০০/২৪০ জন লোক নিয়ে তার বাড়ির পথরোধ করে এবং তাকে উদ্দেশ্য করে বিভিন্ন শ্লোগান দেয়। পরে তারা তার গাড়িতে ইট পাটকেল নিক্ষেপ করে গাড়ির ক্ষতিসাধন করে।

সংবাদ সম্মেলনে এ সব সন্ত্রাসী কাজের সঙ্গে যুক্ত সকল সন্ত্রাসীদের গ্রেফতার, সংখ্যালঘুদের ওপর অত্যাচার, হয়রানি ও ঘরে অগ্নিসংযোগের মতো ঘটনা অবিলম্বে বন্ধ করার জন্যে দাবি জানান।